

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
প্রশাসন-২ শাখা  
শেরেবাংলা নগর, ঢাকা  
(www.erd.gov.bd)

স্মারক নং-০৯.৩১২.০০২.১৪.০০.০০২.২০১৩/ ২৬৪

তারিখঃ ১৮/০৫/২০১৬ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ মোটর সাইকেল অগ্রিম বাবদ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা মঞ্জুরি আদেশ।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অফিস সহকারী কাম-কম্পিউটার-মুদ্রাস্ফরিক জনাব মোঃ ফেরদৌস রহমান-কে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে তাঁর নিজের ব্যবহারের জন্য একটি মোটর সাইকেল ক্রয় করার নিমিত্ত ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা অগ্রিম নির্দেশক্রমে মঞ্জুর করা হলোঃ

১। এ অগ্রিম অর্থ তাঁর মাসিক বেতন হতে সর্বোচ্চ ৬০ (ষাট) কিস্তির মধ্যে প্রথম কিস্তি ৬০৩/- (ছয়শত তিন) টাকা হারে এবং ৫৯ কিস্তিতে মাসিক ৫৮৩/- (পাঁচশত তিরিশি) টাকা হারে কর্তন করা হবে। অগ্রিম গ্রহণের পরবর্তী মাসের বেতন হতে উক্ত অর্থ আদায় শুরু হবে। এ অগ্রিমের ওপর শতকরা ১০ (দশ) টাকা হারে সুদ বর্তাবে। কোন কারণে মূল টাকার কোন কিস্তি অথবা তজ্জনিত সুদ জমা দিতে ব্যর্থ হলে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২০/১০/১৯৯০ তারিখের জারিকৃত অম/অবি/বাউ(উঃউঃ-২)বিবিধ(৭)/৯০/৭৩৪ স্মারকের আংশিক সংশোধন ও অনুবৃত্তিক্রমে একই মন্ত্রণালয়ের ৩০/০৯/৯৬ তারিখে জারিকৃত অম/অবি/বাউ(উঃউঃ-২)১৯৪-ঋণ ও অগ্রিম (৫০)/৯৬/৭৭৫ এবং ২৩-০৯-৯৭ তারিখের অম/অবি/বাউঃ (উঃউঃ-২)/১৯৪-ঋণ ও অগ্রিম (৩৯)/৯৫(অংশ)/৩৪ নম্বর স্মারকমূলে শতকরা ১১ (এগার) টাকা হারে দস্ত সুদসহ তা আদায় করা হবে। উক্ত কর্মচারি অগ্রিম গ্রহণের এক মাসের মধ্যে একটি মোটর সাইকেল ক্রয় করবেন এবং তা যথারীতি বীমা করে দায় বন্ধকি চুক্তি প্রদান করতে হবে। অন্যথায় মোট অগ্রিমের অর্থ সরকারের নিকট ফেরত দিতে হবে। বন্ধকি চুক্তিতে মোটর সাইকেলের উল্লিখিত মূল্যের ক্যাশ মেমো অবশ্যই এ বিভাগে দাখিল করতে হবে।

২। উক্ত কর্মচারি এফ.আর ৩২ চুক্তিপত্রে স্বাক্ষরদান করেছেন, যা পরীক্ষা করে সঠিক পাওয়া গেছে এবং এ বিভাগে রক্ষিত আছে।

৩। এ অগ্রিম অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটের ৩-১৩০১-০০০১-৭৪২১ মোটর সাইকেল অগ্রিম খাত হতে মিটানো হবে।

৪। বর্তমান অর্থ বছরের বাজেটে উক্ত প্রাপ্য ব্যয়টি অনাবর্তক এবং নব্য মজুদ। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ হতে প্রয়োজনীয় প্রাপ্য ব্যয় মিটানোর সম্মতি রয়েছে।

৫। অফিস সহকারী কাম-কম্পিউটার-মুদ্রাস্ফরিক জনাব মোঃ ফেরদৌস রহমান একজন স্থায়ী কর্মচারি। তাঁর নিকট এ অগ্রিম গ্রহণজনিত কোন অর্থ সরকারের পাওনা নেই। এ অগ্রিম পরিশোধকালে তাঁর চাকরির মেয়াদ উত্তীর্ণ হওয়ার আশংকা নেই। তাঁর বেতন স্কেল টাকা ৯,৩০০-২২,৪৯০/- টাকা এবং মূল বেতন ১১,৩২০/- টাকা। তাঁর জন্ম তারিখঃ ১৩/০২/১৯৭৭ এবং তিনি ২৪/০৪/২০০৫ তারিখে সরকারি চাকরিতে যোগদান করেন। এ অগ্রিম মঞ্জুরির ক্ষেত্রে প্রচলিত সরকারি সকল নিয়মনীতি অনুসৃত হয়েছে।




(সেখ আব্দুস সাত্তার)  
সহকারী সচিব  
ফোনঃ ৯১১৯৭১৯

স্মারক নং-০৯.৩১২.০০২.১৪.০০.০০২.২০১৩/ ২৬৪

তারিখঃ ১৮/০৫/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপ-সচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ২। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। জনাব মোঃ ফেরদৌস রহমান, অফিস সহকারী কাম-কম্পিউটার-মুদ্রাস্ফরিক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট/ব্যক্তিগত নথি।

  
(সেখ আব্দুস সাত্তার)  
সহকারী সচিব